



# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এ্যালিফেট রোড, ইস্কটন, ঢাকা-১০০০।

## অফিস আদেশ

নং-৫৩.১৬.২৬৬৬.৯৯৯.৭০.০০১.১৮-২১৩৩

তারিখঃ ০৮.০৯.২০১৯

যেহেতু আপনি, আপনি জনাব মোঃ সেলিম রেজা, পিতা- মোঃ আব্দুস সবুর সরদার, গ্রাম+ ডাকঘরঃ চুকনগর, উপজেলাঃ ডুমুরিয়া, জেলাঃ খুলনা (এক্সিকিউটিভ অফিসার) পদে প্রবাসী কল্যাণ ব্যাংক, যশোর শাখায় কর্মরত রয়েছেন। আপনি মাগুরা শাখার ব্যবস্থাপক থাকাকালীন (গত ০১.০৬.১৭ তারিখে ০৫ দিন, ০৪.০৬.১৭ তারিখে ০২ দিন, ০৫.০৬.১৭ তারিখে ০১ দিন, ০৭.০৬.১৭ তারিখে ০১ দিন, ১১.০৬.১৭ তারিখে ০২ দিন, ১৪.০৬.১৭ তারিখে ০১ দিন, ১৫.০৬.১৭ তারিখে ০৫ দিন, ১৯.০৬.১৭ তারিখে ০১ দিন, ২১.০৬.১৭ তারিখে ০১ দিন এবং ২৮.০৬.১৭ তারিখে ০১ দিন) ঋণের কিস্তি বাবদ আদায়কৃত টাকা হস্তমজুদ দেখিয়ে এক হতে পাঁচ দিন পর্যন্ত বিভিন্ন তারিখে সংশ্লিষ্ট ব্যাংকে জমা না দিয়ে নিজের কাছে রেখেছিলেন। আপনার এই ধরনের কার্য বন্ধের জন্য অত্র ব্যাংক কর্তৃপক্ষ ২০১৩ সালের ৪৯.০৩.০০০০.৯৯৯.০৪.০০২.১২.১৯২(২৩) নং স্মারকের মাধ্যমে জারীকৃত নির্দেশনা আপনি অমান্য করে প্রবাসী কল্যাণ ব্যাংক চাকুরী প্রবিধানমালা, ২০১৩ এর ৪০ (ক) বিধি মোতাবেক অপরাধ করেছেন। উক্ত অপরাধের দায়ে বিভাগীয় মামলা (বিভাগীয় মোকদ্দমা নং-০৭/২০১৮) চালু করে অত্র ব্যাংকের ২৫.০৯.২০১৮ তারিখের ৫৩.১৬.২৬৬৬.৯৯৯.৭০.০০১.১৮-১৪১১ নং স্মারক মূলে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্তকারী কর্মকর্তা হিসেবে ডি.এম মিনহাজ উদ্দীন, এস.ই.ও কে মনোনীত করা হয়। তদন্তকারী কর্মকর্তার গত ২৯.০৫.২০১৯ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। এছাড়াও গত ২৮.০৭.২০১৯ তারিখে ব্যাংকের প্রধান কার্যালয়ে জনাব মোঃ রমজান হোসেন, ডিডিপির নিকট ব্যক্তিগত শুনানি প্রদান করেছেন। আপনার মামলাটি পর্যালোচনা করে ডিসিপ্লিনারী এ্যাকশন কমিটির সুপারিশে বলা হয়েছে যে, আপনি প্রবাসী কল্যাণ ব্যাংক চাকুরী প্রবিধানমালা, ২০১৩ এর ৪০(ক) বিধির অপরাধ করেছেন। তবে অভিযোগের সহিত আর্থিক পরিমাণ নূন্যতম বিবেচনায় লঘুদণ্ড আরোপ করার সুপারিশ করেছেন।

সেহেতু, সার্বিক বিবেচনায় আপনাকে (জনাব মোঃ সেলিম রেজা ই.ও) প্রবাসী কল্যাণ ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১৩ এর ৪০ (ক) বিধি অনুযায়ী 'দায়িত্ব পালনে অবহেলার অভিযোগে দোষী সাব্যস্ত করে উক্ত প্রবিধানমালার ৪১ এর (১)(ক) (আ) বিধি মোতাবেক অত্র কর্তৃপক্ষের চূড়ান্ত সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২০২০-২০২১ অর্থবছরে এক বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখার শাস্তি আরোপ করা হলো।

স্বাক্ষরিত/-

(দেওয়ান মোঃ আব্দুস সামাদ)

যুগ্ম সচিব

উপব্যবস্থাপনা পরিচালক

জনাব মোঃ সেলিম রেজা

ব্যবস্থাপক (এক্সিকিউটিভ অফিসার)

প্রবাসী কল্যাণ ব্যাংক

যশোর শাখা (প্রাক্তন ব্যবস্থাপক, মাগুরা শাখা)

নং ৫৩.১৬.২৬৬৬.৯৯৯.৭০.০০১.১৮-২১৩৩

তারিখঃ ০৮.০৯.২০১৯

সদয় অবগতির জন্যঃ

০১. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩. বিভাগীয় প্রধান, কেন্দ্রীয় হিসাব বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪. ব্যবস্থাপক, মাগুড়া শাখা।

০৫. আইটি বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৬. অফিস কপি।

(হাসনা হেনা পারভীন)

এডিপি ও বিভাগীয় প্রধান